

অধ্যায় ১২

সময়



■ অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

১. নিচের মাসগুলোর দিন সংখ্যা লেখ :

- (১) শ্রাবণ (২) ভাদ্র (৩) অগ্রহায়ণ
(৪) চৈত্র (৫) এপ্রিল (৬) জুলাই
(৭) আগস্ট (৮) ডিসেম্বর

সমাধান :

- (১) শ্রাবণ = ৩১ দিন (২) ভাদ্র = ৩১ দিন
(৩) অগ্রহায়ণ = ৩০ দিন (৪) চৈত্র = ৩০ দিন
(৫) এপ্রিল = ৩০ দিন (৬) জুলাই = ৩১ দিন
(৭) আগস্ট ৩১ দিন (৮) ডিসেম্বর = ৩১ দিন

২. ক্যালেন্ডার সম্পর্কিত নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

- (১) ২৫ এ বৈশাখ এর ২০ দিন পরের তারিখটি কী?
(২) ২৫ এ জুন এর ৪৯ দিন পরের তারিখটি কী?
(৩) যদি ৩রা মে শক্রবার হয় তবে ৩১ এ মে কী বার?
(৪) যদি ১লা অক্টোবর বুধবার হয় তবে ৩১ এ অক্টোবর কী বার?

সমাধান :

- (১) দিন যোগ করি : $২৫ + ২০ = ৪৫$ । যেহেতু বৈশাখ মাসে ৩১ দিন রয়েছে, সেহেতু ২০ দিন পরের তারিখটি $৪৫ - ৩১ =$ জ্যৈষ্ঠ ১৪।

উত্তর : জ্যৈষ্ঠ ১৪

- (২) ৪৯ দিন = ১ মাস ১৯ দিন
২৫ এ জুন এর সাথে ১ মাস যোগ করলে হয় ২৫ জুলাই। বাকী থাকে ১৯ দিন
দিন যোগ করি : $২৫ + ১৯ = ৪৪$ । যেহেতু জুলাই মাসে ৩১ দিন রয়েছে, সেহেতু ১৯ দিন পরের তারিখটি $৪৪ - ৩১ =$ আগস্ট ১৩।

উত্তর : আগস্ট ১৩

- (৩) ৩রা মে শক্রবার।
যেহেতু ৩রা মে'র ৭×৪ দিন পর ৩১ মে।
সুতরাং ৩১ এ মে শক্রবার।

- (৪) ১লা অক্টোবর বুধবার। যেহেতু ১লা অক্টোবরের ৭×৪ দিন পর ২৯ অক্টোবরও বুধবার।
সুতরাং ৩১ এ অক্টোবর শক্রবার।

৩. নিচের সালগুলোর ফেব্রুয়ারি মাসে কত দিন ছিল?

- (১) ১২০০ (২) ১৬৯২ (৩) ২০১০

সমাধান :

- (১) ১২০০

$$\begin{array}{r} 0 \\ 800 \overline{) 1200} \\ \underline{1200} \\ 0 \end{array}$$

১২০০ সংখ্যাটির একক ও দশক উভয় স্থানের অঙ্ক দুটি শূন্য এবং প্রথম দুইটি অঙ্ক দ্বারা গঠিত সংখ্যা ১২ যা ৪ দ্বারা বিভাজ্য। কাজেই ১২০০ সংখ্যাটি ৪০০ দ্বারা

বিভাজ্য। এজন্য বছরটি অধিবর্ষ। সুতরাং ১২০০ সালের ফেব্রুয়ারি মাসে ২৯ দিন ছিল।

উত্তর : ২৯ দিন।

- (২) ১৬৯২

$$\begin{array}{r} 20 \\ 8 \overline{) 1692} \\ \underline{8} \\ 12 \\ \underline{12} \\ 0 \end{array}$$

১৬৯২ সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য। এজন্য বছরটি অধিবর্ষ। সুতরাং ১৬৯২ সালের ফেব্রুয়ারি মাসে ২৯ দিন ছিল।

উত্তর : ২৯ দিন

- (৩) ২০১০

$$\begin{array}{r} 502 \\ 8 \overline{) 2010} \\ \underline{20} \\ 10 \\ \underline{8} \\ 2 \end{array}$$

২০১০ সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য নয়। এজন্য বছরটি অধিবর্ষ নয়। সুতরাং ২০১০ সালের ফেব্রুয়ারি মাসে ২৮ দিন ছিল।

উত্তর : ২৮ দিন।

৪. ২০১২ সালটি অধিবর্ষ ছিল। ১লা জানুয়ারি ২০১২ রবিবার হলে, ৩১ এ ডিসেম্বর ২০১২ কী বার ছিল?

সমাধান :

২০১২ সালের ১লা জানুয়ারি ছিল রবিবার। ২০১২ সাল অধিবর্ষ। ২০১২ অধিবর্ষ তাই ৩৬৬ দিনে বছর হবে।

$৫২ \times ৭ = ৩৬৪$ অর্থাৎ ৩৬৪ তম দিনটি ছিল শনিবার।

$\therefore ৩৬৫$ তম দিনটি ছিল রবিবার এবং ৩৬৬ তম দিনটি ছিল সোমবার

উত্তর : ৩১ এ ডিসেম্বর ২০১২, সোমবার ছিল।

৫. নিচের সালগুলো কোন শতাব্দীর :

- (১) ১০৮ (২) ১০১৫ (৩) ২০০১

সমাধান :

- (১) আমরা জানি, ১০১ থেকে ২০০ সাল পর্যন্ত দ্বিতীয় শতাব্দী।
 $\therefore ১০৮$ সালটি দ্বিতীয় শতাব্দীর।

উত্তর : দ্বিতীয়

- (২) আমরা জানি, ১০০১ থেকে ১১০০ সাল পর্যন্ত একাদশ শতাব্দী।
 $\therefore ১০১৫$ সালটি একাদশ শতাব্দীর।

উত্তর : একাদশ

- (৩) আমরা জানি, ২০১০ থেকে ২১০০ সাল পর্যন্ত একবিংশ শতাব্দী।
 $\therefore ২০০১$ সালটি একবিংশ শতাব্দীর।

উত্তর : একবিংশ

৬. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও : (ধরি, ১ মাস = ৩০ দিন)
 (১) ১০ বছরকে দিনে প্রকাশ করি।
 (২) ১০০০ ঘণ্টাকে মাস, দিন এবং ঘণ্টায় প্রকাশ করি।

সমাধান :

(ক) ১০ বছর = (১০ × ১২) মাস	১০
= ১২০ মাস	× ১২
= (১২০ × ৩০) দিন	২০
= ৩৬০০ দিন	১০০
১২০	১২০
১২০	× ৩০
০০০	৩৬০০
৩৬০০	৩৬০০

অতএব, ১০ বছরে ৩৬০০ দিন হয়।

উত্তর : ৩৬০০ দিন

- (খ) ১০০০ ঘণ্টা

$$১০০০ \div ২৪ = ৪১ \text{ দিন এবং } ১৬ \text{ ঘণ্টা}$$

$$৪১ \text{ দিন} \div ৩০ = ১ \text{ মাস এবং } ১১ \text{ দিন}$$

অতএব, ১০০০ ঘণ্টায় ১ মাস ১১ দিন

১৬ ঘণ্টা হয়।

উত্তর : ১ মাস ১১ দিন ১৬ ঘণ্টা

	৪১
২৪) ১০০০	৯৬
৮০	২৪
১৬	১
১	৩০) ৪১
৩০	১১
১১	

৭. নিচের ১২ ঘণ্টা সময়সূচিতে লেখা সময়কে ২৪ ঘণ্টা সময়সূচিতে প্রকাশ কর :

- (১) অপরাহ্ন ৩:০০ (২) অপরাহ্ন ১১:৪২
 (৩) পূর্বাহ্ন ০:২০ (৪) পূর্বাহ্ন ১২:০০

সমাধান :

- (১) ১৫:০০ (২) ২৩:৪২ (৩) ০০:২০ (৪) ০০:০০

৮. নিচের ২৪ ঘণ্টা সময়সূচিতে লেখা সময়কে ১২ ঘণ্টা সময়সূচিতে প্রকাশ কর :

- (১) ০২:০৪ (২) ১৫:৩৪ (৩) ২৪:০০ (৪) ২১:১৩

সমাধান :

- (১) রাত ২:০৪টা (২) বিকেল ৩:৩৪টা
 (৩) রাত ১২:০০টা (৪) রাত ০৯:১৩টা

৯. একটি ট্রেন কোনো শহর ১১:৫০ এ ত্যাগ করে ১৫:২৫ এ গন্তব্যে পৌঁছায়। ট্রেনটি কত ঘণ্টা এবং কত মিনিট ভ্রমণ করল?

সমাধান :

ট্রেনটি শহর ত্যাগ করে ১১:৫০

১৫:২৫ (+৬০)

ট্রেনটি গন্তব্যে পৌঁছায় ১৫:২৫

১১:৫০

ট্রেনটি মোট ভ্রমণ করে (১৫:২৫ - ১১:৫০)
 = ০৩ ঘণ্টা ৩৫ মিনিট


০৩:৩৫

উত্তর : ৩ ঘণ্টা ৩৫ মিনিট

বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

যোগ্যতাভিত্তিক :

১।



ঘড়িতে রাত ৮.১৫ মিনিট। আন্তর্জাতিক রীতিতে কোন সময়টি হবে?

- (ক) ৩ টা ৪০ মিনিট (খ) ৮ টা ১৫ মিনিট
 (গ) ২০ টা ১৫ মিনিট (ঘ) ১৫ টা ৪০ মিনিট

- ২। নিচের কোন সালটি অধিবর্ষ নয়?

- (ক) ১৬০০ সাল (খ) ১৯০০ সাল
 (গ) ২০০০ সাল (ঘ) ২৪০০ সাল

- ৩। ২০১২ সালের ফেব্রুয়ারি মাসের ১ তারিখ বুধবার হলে মাসের শেষ তারিখ কি বার হবে?

- (ক) সোমবার (খ) মঙ্গলবার (গ) বুধবার (ঘ) বৃহস্পতিবার

- ৪। ২০১১ ইংরেজি সালের ফেব্রুয়ারি মাস কত দিনে?

- (ক) ২৮ দিন (খ) ২৯ দিন
 (গ) ৩০ দিন (ঘ) ৩১ দিন

- ৫। রাত ৯টা ১৫ মিনিটকে আন্তর্জাতিক রীতিতে প্রকাশ করলে হবে-

- (ক) ৯টা ১৫ মিনিট (খ) সোয়া ৯টা
 (গ) ২১টা ১৫ মিনিট (ঘ) রাত ৯:১৫

- ৬। ২০১২ সালের ফেব্রুয়ারি মাস কত দিনে?

- (ক) ৩০ দিন (খ) ৩১ দিন (গ) ২৮ দিন (ঘ) ২৯ দিন

- ৭। কোন সালটি অধিবর্ষ?

- (ক) ১৫০০ (খ) ১৬০০ (গ) ১৭০০ (ঘ) ১৮০০

- ৮। দেশীয় রীতিতে সন্ধ্যা ৭টা আন্তর্জাতিক রীতিতে কত?

- (ক) ১৭টা (খ) ১৮টা (গ) ১৯টা (ঘ) ১৫টা

- ৯। ইংরেজি ৯ম মাসের নাম কী?

- (ক) জুন (খ) জুলাই
 (গ) অক্টোবর (ঘ) সেপ্টেম্বর

- ১০। ৩ বছর ৮ দিনকে ঘণ্টায় প্রকাশ কর।

- (ক) ২৬৫৭২ (খ) ২৬৪৭২ (গ) ২৭৭৭২ (ঘ) ২৬৮৭২

- ১১। দেশীয়ভাবে দুপুর ২ টা ১৫ মিনিটকে আন্তর্জাতিক রীতি অনুযায়ী কত বলা হয়?

- (ক) ২ টা ১৫ মিনিট (খ) ১৪ টা ৭৫ মিনিট
 (গ) ১৮ টা ১৫ মিনিট (ঘ) ১৪ টা ১৫ মিনিট

- ১২। আন্তর্জাতিক রীতিতে ০ টা ১২ মিনিট হলে দেশীয় রীতিতে তা কত হবে?

- (ক) রাত ১২ টা ১২ মিনিট
 (খ) দুপুর ১২ টা ১২ মিনিট
 (গ) সন্ধ্যা ৬ টা ১২ মিনিট
 (ঘ) সকাল ৬ টা ১২ মিনিট

- ১৩। পঞ্চদশ শতাব্দী কত সাল থেকে কত সাল পর্যন্ত?

- (ক) ১৫০১ থেকে ১৫৯৯ সাল পর্যন্ত
 (খ) ১৫০১ থেকে ১৬০০ সাল পর্যন্ত
 (গ) ১৫০০ থেকে ১৬০০ সাল পর্যন্ত
 (ঘ) ১৪০১ থেকে ১৫০০ সাল পর্যন্ত

- ১৪। ৫ মাস ১৫ দিন = কত ঘণ্টা?

- (ক) ৪০৬০ (খ) ৩৯৬০ (গ) ৩৮৬০ (ঘ) ৩৬০০

- ১৫। ৮৯৭৬০ ঘণ্টাকে বছর ও মাসে প্রকাশ কর?
(ক) ১২ বছর ২ মাস (খ) ৩ বছর ১০ মাস
(গ) ১১ বছর ৫ মাস (ঘ) ১০ বছর ৩ মাস✓
- ১৬। অধিবর্ষে কত দিনে এক বছর হয়?
(ক) ৩৬০ (খ) ৩৬৫ (গ) ৩৬৬✓ (ঘ) ৩৬৭
- ১৭। ইংরেজী দ্বাদশ মাস কোনটি?
(ক) জানুয়ারি (খ) সেপ্টেম্বর (গ) নভেম্বর (ঘ) ডিসেম্বর✓
- ১৮। ১৩০০ সাল কত দিনের ছিল?
(ক) ৩৬০ (খ) ৩৬২ (গ) ৩৬৫✓ (ঘ) ৩৬৬
- ১৯। ৪ বছর ৩ মাস ১০ দিনকে ঘণ্টায় পরিণত করলে কত ঘণ্টা হয়?
(ক) ৩৫৪৪০ (খ) ৩৬৪৪০ (গ) ৩৭৪৪০✓ (ঘ) ৩৮৪৪০
- ২০। কোন সালটি অধিবর্ষ?
(ক) ১৩০০ (খ) ১৯৯৭ (গ) ২০০৮✓ (ঘ) ২১০০
- ২১। ৯৫০৪০ মিনিট = কত?
(ক) ৩ মাস ৬ দিন
(খ) ৩ মাস ৬ দিন ৯ ঘণ্টা ৪৪ মিনিট
(গ) ২ মাস ৬ দিন✓
(ঘ) ২ মাস ৬ দিন ৯ ঘণ্টা ৪৪ মিনিট
- ২২। ২৪০০ সালে ফেব্রুয়ারি মাস কত দিনে হবে?
(ক) ২৮ (খ) ২৯✓ (গ) ৩০ (ঘ) ৩১

- ২৩। ১৬ : ৪৫ কে ১২ ঘণ্টা সময়সূচিতে প্রকাশ করলে কোনটি হবে?
(ক) ৪ : ৪৫ (খ) পূর্বাঙ্ক ৪ : ৪৫
(গ) অপরাহ্ন ৪ : ৪৫✓ (ঘ) অপরাহ্ন ৪ : ৪৫

☞ সাধারণ :

- ২৪। বাংলা মতে, এক সূর্যোদয় থেকে সূর্যাস্ত সময়কে কী বলা হয়?
(ক) ভোর (খ) দিন✓ (গ) সন্ধ্যা (ঘ) রাত [প্রা. শি. স. প. '১৫]
- ২৫। ধারাবাহিকভাবে ১০ বছর সময়কালকে কী বলে?
(ক) এক দশক✓ (খ) এক যুগ
(গ) অধিবর্ষ (ঘ) এক শতাব্দী
- ২৬। অধিবর্ষে ফেব্রুয়ারি মাস কত দিনে হয়?
(ক) ২৯✓ (খ) ৩০ (গ) ২৮ (ঘ) ৩১
- ২৭। ১ শতাব্দী = কত বছর?
(ক) ১০ বছর (খ) ১২ বছর
(গ) ১০০ বছর (ঘ) ৩৬৫ বছর✓
- ২৮। বাংলা মতে কখন থেকে দিন ও তারিখ শুরুর হয়?
(ক) সূর্যাস্ত থেকে (খ) সূর্যোদয় থেকে✓
(গ) দুপুর ১২ থেকে (ঘ) রাত ১২টার পর থেকে
- ২৯। ১ যুগ = কত বছর?
(ক) ১০ (খ) ১২ (গ) ২৫ (ঘ) ১১০০

■ সর্ঘবিন্ত প্রশ্ন ও উত্তর

☞ যোগ্যতাভিত্তিক :

- ১। ২০১২ সাল কি অধিবর্ষ?
উত্তর : হ্যাঁ অধিবর্ষ
- ২। দেশীয় রীতিতে রাত ১২টা ২৫ মিনিট আন্তর্জাতিক রীতিতে সময় কত হবে?
উত্তর : ০ টা ২৫ মিনিট
- ৩। তোমার স্কুল অপরাহ্ন ৪ টায় ছুটি হলে আন্তর্জাতিক রীতিতে কয়টার সময় স্কুল ছুটি হলো?
উত্তর : ১৬ টায়
- ৪। রাত ১১ টা ৩০ মিনিট আন্তর্জাতিক রীতিতে কয়টা বাজে?
উত্তর : ২৩ টা ৩০ মিনিট
- ৫। ১লা ডিসেম্বর বৃহস্পতিবার হলে, ঐ মাসের শেষ তারিখ কী বার?
উত্তর : শনিবার
- ৬। ২০০৪ সালের ফেব্রুয়ারি মাস কত দিন ছিল?
উত্তর : ২৯ দিন
- ৭। ২১০০ সাল অধিবর্ষ কি? উত্তর : না, অধিবর্ষ নয়।
- ৮। ১ দিন = কত সেকেন্ড? উত্তর : ৮৬৪০০ সেকেন্ডে।
- ৯। কোন সাল থেকে কোন সাল পর্যন্ত বিংশ শতাব্দী?
উত্তর : ১৯০১ থেকে ২০০০ সাল পর্যন্ত
- ১০। ২০০০ সালের দিন সংখ্যা কত ছিল? উত্তর : ৩৬৬ দিন
- ১১। ৫ বছর ৪ দিন = কত মিনিট?

- উত্তর : ২৬৩৩৭৬০ মিনিট।
- ১২। ৩৬২৯০ ঘণ্টাকে বছর, মাস, দিন, ঘণ্টায় প্রকাশ কর।
উত্তর : ৪ বছর ১ মাস ২২ দিন ২ ঘণ্টা।
- ১৩। ৩ বছর ৫ মাস ১৫ দিনকে সেকেন্ডে পরিণত কর।
উত্তর : ১০৮৮৬৪০০০ সেকেন্ডে।
- ১৪। ৮৯৭৬০ ঘণ্টাকে বছর ও মাসে পরিণত কর।
উত্তর : ১০ বছর ৩ মাস
- ১৫। একটি বাস ৩ : ৪৫ এ বাসস্ট্যান্ড ছেড়ে যায় এবং ৪ ঘণ্টা ২০ মিনিট পর ফিরে আসে। বাসটি কখন ফিরে আসে?
উত্তর : ৮ : ০৫ এ ফিরে আসে।
- ১৬। জানুয়ারি মাসের ১ তারিখ বুধবার হলে ৩১ তারিখ কী বার হবে?
উত্তর : শুক্রেবার।

☞ সাধারণ :

- ১৭। কোন রীতিতে রাত, অপরাহ্ন, বিকাল ইত্যাদি বলা হয় না?
উত্তর : আন্তর্জাতিক রীতিতে
- ১৮। ধারাবাহিক ১২ বছর সময়কে কী বলে?
উত্তর : ১ যুগ
- ১৯। এক দশক = কত বছর? উত্তর : ১০ বছর
- ২০। এক শতাব্দী = কত বছর? উত্তর : ১০০ বছর।
- ২১। বাংলা বছরের ৭ম মাসের নাম কী? উত্তর : কার্তিক মাস

■ কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

☞ যোগ্যতাভিত্তিক :

- প্রশ্ন ১। একটি পেরন কোনো শহর ১১:৫০ মিনিটে ত্যাগ করে ১৫:২৫ মিনিটে গন্তব্যে পৌঁছায়।

- (ক) ১২ ঘণ্টা সময়সূচি অনুযায়ী পেরনটি কখন গন্তব্যে পৌঁছায়? ২
- (খ) পেরনটি কত ঘণ্টা এবং কত মিনিট ভ্রমণ করল? ৩

$$= (২ \times ৬০) \text{ মিনিট} + ২১ \text{ মিনিট}$$

$$[\because ১ \text{ ঘণ্টা} = ৬০ \text{ মিনিট}]$$

$$= ১২০ \text{ মিনিট} + ২১ \text{ মিনিট}$$

$$= ১৪১ \text{ মিনিট}$$

$$= (১৪১ \times ৬০) \text{ সেকেন্ড}$$

$$[\because ১ \text{ মিনিট} = ৬০ \text{ সেকেন্ড}]$$

$$= ৮৪৬০ \text{ সেকেন্ড}$$

উত্তর : ৮৪৬০ সেকেন্ড।

প্রশ্ন ৫ ৥ মাসুক ২০১২ সালের ২৬ শে ফেব্রুয়ারি সোমবার বাড়ি থেকে ঢাকার উদ্দেশ্যে রওনা হলো। সে ৯ দিন পরে বাড়িতে ফিরে এলো।

- (ক) ২০১২ সালে কত দিনে বছর হয়েছিল? ২
- (খ) সে কত তারিখে ফিরে এসেছিল? ২
- (গ) সে কী বারে ফিরে এসেছিল? ২
- (ঘ) সে কত মিনিট পর বাড়িতে ফিরে এলো? ২

৫ নং প্রশ্নের সমাধান

(ক) $২০১২ \div ৪ = ৫০৩$; অর্থাৎ ২০১২ সাল অধিবর্ষ ছিল।

সুতরাং, ২০১২ সালে ৩৬৬ দিনে বছর হয়েছিল।

উত্তর : ৩৬৬ দিন।

(খ) ২০১২ সালের ফেব্রুয়ারি মাস ২৯ দিনে ছিল। একারণে ২৬ তারিখের ৩ দিন পর ফেব্রুয়ারি মাস শেষ হয়ে যাবে। সুতরাং তার ফিরে আসার দিনের তারিখ ছিল $= (৯ - ৩) = ৬$ ই মে।

উত্তর : ৬ ই মে।

(গ) সোমবারের ৯ দিন পরের বার বুধবার। সুতরাং, সে বুধবার ফিরে এলো।

উত্তর : বুধবার।

(ঘ) সে ৯ দিন পরে ফিরে এলো

৯ দিন $= (৯ \times ২৪)$ ঘণ্টা

$= ২১৬$ ঘণ্টা

$= (২১৬ \times ৬০)$ মিনিট

$$= ১২৯৬০ \text{ মিনিট।}$$

উত্তর : সে ১২৯৬০ মিনিট পরে বাড়িতে ফিরে এলো।

প্রশ্ন ৬ ৥ একটি দূরপাল্লার বাস ২৪ ঘণ্টা সময়সূচিতে ৭ : ৩০ এ রওনা করে এবং ১৬ : ৪৫ এ গন্তব্যে পৌছায়। যাত্রাপথে ৩টি স্টপে বাসটি যথাক্রমে ১৪, ২৫ ও ৩০ মিনিট যাত্রা বিরতি দেয়।

- (ক) ১৬ : ৪৫ কে ১২ ঘণ্টা সময়সূচিতে প্রকাশ কর। ২
- (খ) বাসটির ভ্রমণকাল নির্ণয় কর। ২
- (গ) বাসটি কত সেকেন্ড যাত্রা বিরতি দিয়েছিল? ২
- (ঘ) বাসটি কত সময় চলন্ত অবস্থায় ছিল? ২

৬ নং প্রশ্নের সমাধান

(ক) ১৬ : ৪৫ কে ১২ ঘণ্টা সময়সূচিতে প্রকাশ করলে পাই, অপরাহ্ন ৪ : ৪৫

উত্তর : অপরাহ্ন ৪ : ৪৫।

(খ) বাসটির ভ্রমণকাল : ১৬ ঘণ্টা ৪৫ মিনিট

৭ ঘণ্টা ৩০ মিনিট

৯ ঘণ্টা ১৫ মিনিট

উত্তর : ৯ ঘণ্টা ১৫ মিনিট।

(গ) বাসটি বিরতি দিয়েছিল মোট $= (১৪ + ২৫ + ৩০)$ মিনিট

$= ৬৯$ মিনিট

$= (৬৯ \times ৬০)$ সেকেন্ড

$= ৪১৪০$ সেকেন্ড।

উত্তর : বাসটি ৪১৪০ সেকেন্ড।

(ঘ) গ থেকে পাই,

বাসটি যাত্রাবিরতি দিয়েছিল $= ৬৯$ মিনিট

$= ৬০$ মিনিট + ৯ মিনিট

$= ১$ ঘণ্টা + ৯ মিনিট

$= ১$ ঘণ্টা ৯ মিনিট।

বাসটি চলন্ত অবস্থায় ছিল

$= ৯$ ঘণ্টা ১৫ মিনিট

$\frac{১}{৮}$ " ০১ মিনিট

৮ ঘণ্টা ১৪ মিনিট

উত্তর : ৮ ঘণ্টা ১৪ মিনিট।